


## কোভিড (Covid) টিকা – কার্যকর তথ্য

25 মার্চ 2021

### আপনার টিকা নেওয়া: এটি সম্পূর্ণ নিজেকে রক্ষা করার জন্য



টিকাগুলিকে ধন্যবাদ, আপনার শরীর কোভিডকে চিনে নিতে এবং নিজেকে রক্ষা করতে শেখে।

কোভিড টিকা মারাত্মক ধরণের Covid-19 এর বিরুদ্ধে বিশেষ ভাবে কার্যকরী।

টিকাগুলি প্রত্যেকের জন্য বিনামূল্যে পাওয়া যাচ্ছে।



### কোথায় টিকা নেওয়া যায়?

আপনি টিকা নিতে পারেন:

- কোনও ভ্যাকসিন সেন্টারে  
📞 0 800 009 110 🌐 www.santé.fr
- আপনার ডাক্তারের কাছে, স্থানীয় ফার্মেসিতে  
অথবা আপনার হেলথকেয়ার সেন্টারে
- আপনি যদি কোনও হেলথকেয়ার ক্ষেত্রে কাজ করেন, তাহলে আপনার কাজের জায়গায়



#### কোন প্রশ্ন আছে?

আপনার *mairie* (town hall) – এ  
একজন স্বাস্থ্যসেবা পেশাদার,  
একজন সমাজকর্মীকে জিজ্ঞাসা  
করুন



টিকা নেওয়ার জন্য:

**0 800 009 110**


(টোল-ফ্রি)

অথবা **Santé.fr**

# কোভিড (Covid) টিকা – আমার

আমার যদি স্বাস্থ্য সম্পর্কিত কোনও সমস্যা থাকে (যেমন ডায়াবেটিস, ক্যানসার বা বিরল কোনও সমস্যা) তবে কি আমি টিকা নিতে পারি?

✔ হ্যাঁ



আপনার যদি স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা থাকে, তবে আপনার টিকা নেওয়া উচিত কারণ আপনার মধ্যে সহজেই Covid-19-এর মারাত্মক ও প্রাণনাশক রূপটি বিকশিত হতে পারে।

আমার যদি ইতিমধ্যে Covid-19 হয়ে থাকে, আমার কি টিকা নেওয়া উচিত?

✔ হ্যাঁ



আপনার ইতিমধ্যে Covid-19 হয়ে থাকলেও, আপনার টিকা নেওয়া উচিত। আপনি অসুস্থ হওয়ার পরে তিন থেকে ছয় মাসের মধ্যে মাত্র একটি ডোজ (দুটি ডোজের পরিবর্তে) আপনি নিতে পারেন।

যদি আমি টিকা নিই, আমি কি স্বাভাবিক অবস্থায় ফিরে যেতে পারি এবং মাস্ক পরা বন্ধ করতে পারি?




✘ না

এমনকি যদি আপনি টিকা নিয়েও নেন তবু একটি গোটা জনগোষ্ঠীকে যতক্ষণ টিকা না দেওয়া হচ্ছে, ততক্ষণ আপনাকে অবশ্যই মাস্ক পরতে হবে এবং সুরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

যদি আমি টিকা নিই তবে আমি কি আরও সহজে ভ্রমণ করতে পারি?



✘ না



এমনকি যদি আপনার টিকা নেওয়া হয়ে গিয়ে থাকে তবু, পুরো জনগোষ্ঠী টিকা না নেওয়া পর্যন্ত আপনার ভ্রমনের 72 ঘণ্টা আগে অবশ্যই একটি পিসিআর পরীক্ষা করানো উচিত। এই পরীক্ষাটি বিনামূল্যে করা যায় এবং এটি ক্ষতি করে না।